

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখঃ ১৯ জ্যৈষ্ঠ, ১৪২৩ বঙ্গাব্দ / ০২ জুন, ২০১৬ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও. নং-১৭৫-আইন/২০১৬/৭৫১-মুসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২ এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত বিধিমালার বিধি ৩ এর -

(ক) উপ-বিধি (১ক) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১ক) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(১ক) করযোগ্য পণ্য সরবরাহ বা সেবা প্রদানে নিয়োজিত কোনো নিবন্ধিত ব্যক্তি স্থানীয়ভাবে পণ্য সরবরাহ বা সেবা প্রদানের পাশাপাশি অব্যাহতিপ্রাপ্ত অথবা বাংলাদেশ হইতে রপ্তানিকৃত বা রপ্তানিকৃত বলিয়া গণ্য কোনো পণ্য বা সেবা সরবরাহ বা রপ্তানি করিলে যদি উহা ইতোপূর্বে ঘোষিত মূল্য বা সহগের সাথে সামঞ্জস্যপূর্ণ না হয়, তাহা হইলে উক্তরূপ সরবরাহ বা রপ্তানির পূর্বে সংশ্লিষ্ট ব্যক্তিকে ফরম “মুসক-১গ” এ উপকরণ মূল্য এবং উপকরণ-উৎপাদ সম্পর্ক বা সহগ (input-output co-efficient) সম্পর্কিত একটি ঘোষণাপত্র সংশ্লিষ্ট এলাকার বিভাগীয় কর্মকর্তার নিকট দাখিল করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, এই বিধান শতভাগ রপ্তানিকারক বা শতভাগ প্রচ্ছন্ন রপ্তানিকারক নিবন্ধিত ব্যক্তির ক্ষেত্রে প্রযোজ্য হইবে না।”;

(খ) উপ-বিধি (২ক) এ র পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (২ক) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(২ক) উপ-বিধি (১ক) অনুযায়ী দাখিলকৃত ঘোষণাপত্রের কোনো পরিবর্তন সাধনের প্রয়োজন হইলে, উক্ত পরিবর্তন কার্যকর করিবার ৭ (সাত) কার্যদিবস পূর্বে

অব্যাহতিপ্রাপ্ত অথবা বাংলাদেশ হইতে রপ্তানিকৃত বা রপ্তানিকৃত বলিয়া গণ্য পণ্যের উৎপাদক ফরম “মুসক-১গ” তে একটি নূতন ঘোষণা বা পূর্বে দাখিলকৃত ঘোষণার সংশোধনী, যাহাই প্রযোজ্য হউক না কেন, বিভাগীয় কর্মকর্তার নিকট দাখিল করিবেন এবং বিভাগীয় কর্মকর্তার নিকট যদি প্রতীয়মান হয় যে, দাখিলকৃত ঘোষণা বা, ক্ষেত্রমত, পূর্বে দাখিলকৃত কোন ঘোষণা আইনের ধারা ৫ এর সহিত অসংগতিপূর্ণ তাহা হইলে তিনি উপ-বিধি (৭) এর বিধান অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কমিশনারকে অবহিত করিবেন।”;

(গ) উপ-বিধি (৩) এ উল্লিখিত-

(অ) “, অনুমোদিত মূল্য” কমা ও শব্দগুলি বিলুপ্ত হইবে;

(আ) “নিবন্ধিত ব্যক্তিকে যুক্তিসঙ্গত শুনানির সুযোগ প্রদান করার পর, উক্তরূপে সংগৃহীত বা প্রাপ্ত তথ্যের ভিত্তিতে যুক্তিসঙ্গত মূল্যভিত্তি নির্ধারণ করিতে পারিবেন এবং ঘোষণার তারিখ হইতে উক্ত মূল্যভিত্তি অনুযায়ী সংশ্লিষ্ট সকল কর মেয়াদে প্রদেয় কর নিরূপণ ও পরিশোধযোগ্য হইবে” শব্দগুলি এবং কমার পরিবর্তে “উপ-বিধি (৭) এর বিধান অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কমিশনারকে অবহিত করিবেন” শব্দগুলি, চিহ্ন, সংখ্যা ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে এবং ব্যাখ্যা বিলুপ্ত হইবে;

(ঘ) উপ-বিধি (৬) এ উল্লিখিত “এবং বাণিজ্য বাটার পরিমাণ প্রকৃত মূল্যের পনের শতাংশের অধিক হইতে পারিবে না এবং যে কোনো বার মাস সময়ে সর্বোচ্চ তিরিশ দিনের জন্য বাণিজ্য বাটা প্রদান করা যাইবে” শব্দগুলি বিলুপ্ত হইবে; এবং

(ঙ) উপ-বিধি (৭) এ র প্রথম শর্ত বিলুপ্ত হইবে এবং দ্বিতীয় শর্তে উল্লিখিত “আরও” শব্দের পরিবর্তে “তবে” শব্দ প্রতিস্থাপিত হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(মোঃ নজিবুর রহমান)

চেয়ারম্যান